গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

সংবাদ গতিধারা

ঢাকা, সোমবার ২ মার্চ ২০১৫, ১৮ ফাল্গুন ১৪২১

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। দরিদ্র রোগীদের চিকিৎসায় বিশেষ নজর দিন : রাষ্ট্রপতি

২। জঙ্গি ও সন্ত্রাসবাদ ঠেকাতে প্রস্তুত থাকুন : প্রধানমন্ত্রী

৩। বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার গুলশান অফিসে তল্লাশির নির্দেশ

৪। জাতীয় সংসদে ওশানোগ্রাফিক রিসার্চ ইন্সটিটিউট বিল পাস

৫। বাংলাদেশ-চীন দ্বিপাক্ষিক বাণিজ্য দশ বিলিয়ন ডলার ছাড়িয়েছে : শিল্পমন্ত্রী

৬। এবার বিনা খরচে কর্মী নেবে কাতার

৭। হরতাল ও অবরোধের মধ্যে সব বিশ্ববিদ্যালয় খোলা রাখার নির্দেশ : ভিসিদের সঙ্গে ইউজিসির বৈঠক

৮। সবার অংশগ্রহণে সিটি কর্পোরেশন নির্বাচন করতে চায় নির্বাচন কমিশন

৯। সুন্দরবনে নৌ-রুট বন্ধের সুপারিশ জাতিসংঘের

১০। সোয়াইন ফ্লু ঠেকাতে সীমান্তে সক্রিয় মেডিকেল টিম

১১। এসএমই খাতে ১ লাখ ৯১০ কোটি টাকা ঋণ বিতরণ

১২। পদ্মা সেতুর মূল কাজ শুরু

চলমান পাতা/২

১।	দরিদ্র রোগীদের চিকিৎসায় বিশেষ নজর দিন : রাষ্ট্রপতি

দরিদ্র রোগীদের চিকিৎসাসেবার প্রতি বিশেষ নজর রাখতে চিকিৎসকদের প্রতি আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। তিনি বলেন, অর্থের অভাবে দরিদ্র রোগীদের চিকিৎসাবঞ্চিত করা যাবে না। একই সঙ্গে চিকিৎসকদের আচরণে যাতে রোগীরা মনে কষ্ট না পান সেদিকে লক্ষ্য রাখতে হবে। গতকাল ১ মার্চ রোববার বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের (বিএসএমএমইউ) দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠানে রাষ্ট্রপতি এ আহ্বান জানান। সূত্র-জনকণ্ঠ (শেষ পৃ.,ক.১), সমকাল (পৃ.২,ক.১), প্রথম আলো (পৃ.৫,ক.২), ইন্ডিপেনডেন্ট (পৃ.৩,ক.৪), নিউজ টুডে (পৃ.২,ক.৪)।

২।	জঙ্গি ও সন্ত্রাসবাদ ঠেকাতে প্রস্তুত থাকুন : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের সংবিধান ও গণতন্ত্রের প্রতি যে কোনও হুমকি মোকাবিলায় রাষ্ট্রের অন্য প্রতিষ্ঠানগুলোর মতো সেনাবাহিনীকেও সজাগ ও সদা প্রস্তুত থাকার নির্দেশ দিয়েছেন। গতকাল ১ মার্চ রোববার কক্সবাজারের রামু ক্যান্টনমেন্টে সেনাবাহিনীর নবগঠিত দশম পদাতিক ডিভিশনের পতাকা উত্তোলনকালে তিনি এ নির্দেশ দেন। প্রধানমন্ত্রী বলেন, সন্ত্রাস ও জঙ্গিবাদ দেশের উন্নয়নকে ব্যাহত করার পাশাপাশি অখণ্ডতা ও শান্তি-শৃঙ্খলার জন্য হুমকি সৃষ্টি করে। তাই কোনো মতেই যাতে দেশে জঙ্গিবাদ এবং সন্ত্রাসবাদ মাথাচাড়া দিয়ে না উঠতে পারে সেজন্য সবাইকে সজাগ থাকতে হবে। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৩), প্রথম আলো (পৃ.২,ক.৩), সমকাল (পৃ.১,ক.৩), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৩), ডেইলি সান (শেষ পৃ.,ক.৩)। ইত্তেফাক, ইনকিলাব, ইন্ডিপেনডেন্ট, নিউজ টুডেসহ অধিকাংশ দৈনিক এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৩।	বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার গুলশান অফিসে তল্লাশির নির্দেশ

বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার গুলশানস্থ রাজনৈতিক কার্যালয় তল্লাশির নির্দেশ দিয়েছে ঢাকা মুখ্য মহানগর হাকিমের আদালত। গুলশান থানা পুলিশের এক আবেদনের পরিপ্রেক্ষিতে গতকাল ১ মার্চ রোববার এই তল্লাশি পরোয়ানা জারি করেন মহানগর হাকিম এসএম মাসুদ জামান। গত রাতে এ সংক্রান্ত আদেশ গুলশান থানায় পৌঁছেছে বলে পুলিশের একটি সূত্র নিশ্চিত করেছে। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৩), ইনকিলাব (পৃ.১,ক.৪), ডেইলি স্টার (পৃ.১,ক.২), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৪)। প্রথম আলো, জনকণ্ঠ, যুগান্তর, যায়যায়দিন, নিউ নেশন, ডেইলি সান এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৪।	জাতীয় সংসদে ওশানোগ্রাফিক রিসার্চ ইন্সটিটিউট বিল পাস

সামুদ্রিক সম্পদ আহরণ ও সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিত করার জন্য বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইন্সটিটিউট বিল-২০১৫ গতকাল ১ মার্চ রোববার জাতীয় সংসদে পাস হয়েছে। বিলে সমুদ্র উপকূলবর্তী এলাকায় সরকারি-বেসরকারি যে কোনো প্রকল্প গ্রহণের আগে এ ইন্সটিটিউটের প্রতিবেদন নেওয়ার বিধান যুক্ত করা হয়েছে। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে বিজ্ঞান ও প্রযুক্তি প্রতিমন্ত্রী ইয়াফেস ওসমান বিলটি পাস করার জন্য সংসদে প্রস্তাব করলে কণ্ঠভোটে তা পাস হয়। সূত্র-যুগান্তর (পৃ.১৭,ক.৩), সমকাল (পৃ.৩,ক.১), বাংলাদেশ টুডে (শেষ পৃ.,ক.৪), নিউজ টুডে (পৃ.৩,ক.২)।

৫।	বাংলাদেশ-চীন দ্বিপাক্ষিক বাণিজ্য দশ বিলিয়ন ডলার ছাড়িয়েছে : শিল্পমন্ত্রী

শিল্পমন্ত্রী আমির হোসেন আমু বলেছেন, বাংলাদেশ ও চীনের মধ্যে দ্বিপাক্ষিক বাণিজ্য সাম্প্রতিক বছরগুলোতে ১০ বিলিয়ন ডলার ছাড়িয়ে গেছে। দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে বাংলাদেশ ইতোমধ্যে চীনের তৃতীয় বৃহত্তম বাণিজ্যিক অংশীদারে পরিণত হয়েছে। এর পাশাপাশি চীন বাংলাদেশের এক নম্বর আমদানি গন্তব্যে উন্নীত হয়েছে। বাংলাদেশে নবনিযুক্ত চীনা রাষ্ট্রদূত মা মিংকিয়ানের সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে শিল্পমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.৩,ক.৪), প্রথম আলো (পৃ.১৩,ক.২), সংবাদ (পৃ.১৪,ক.৩), নিউজ টুডে (শেষ পৃ.,ক.৩)।

৬।	এবার বিনা খরচে কর্মী নেবে কাতার

সৌদি আরবের পর এবার মধ্যপ্রাচ্যের দেশ কাতারও বাংলাদেশ থেকে বিনা খরচে কর্মী নেবে। দেশটিতে জনশক্তি রপ্তানিও আগের চেয়ে বাড়বে। বাংলাদেশি কর্মীদের কাতার যাওয়া, ভিসা ও অন্যান্য খরচ বহন করবেন দেশটির জনশক্তি আমদানিকারকরা। পাসপোর্ট ও অন্যান্য বাবদ ১৫ থেকে ২০ হাজার টাকা খরচ হবে বাংলাদেশি কর্মীদের। বিনা খরচে বছরে প্রায় দুই লাখ বাংলাদেশি কর্মী কাতার যাওয়ার সুযোগ পাবেন বলে জানিয়েছেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন। সূত্র-সমকাল (পৃ.১,ক.১), নিউজ টুডে (শেষ পৃ.,ক.১)।

৭।	হরতাল ও অবরোধের মধ্যে সব বিশ্ববিদ্যালয় খোলা রাখার নির্দেশ
: ভিসিদের সঙ্গে ইউজিসির বৈঠক

বিএনপি-জামায়াত জোটের লাগাতার অবরোধ-হরতালের মধ্যে সরকারি-বেসরকারি সব বিশ্ববিদ্যালয় খোলা রাখার নির্দেশ দিয়েছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। এছাড়া শিক্ষা খাতের এত দিনের ক্ষতি পোষাতে

প্রয়োজনে সাপ্তাহিক ছুটির দিন শুক্রবার ও শনিবার এমনকি অন্য সরকারি ছুটির দিনেও শিক্ষা কার্যক্রম চালিয়ে যাওয়ার পরামর্শ দিয়েছে ইউজিসি। সূত্র-ভোরের কাগজ (শেষ পৃ., ক.৩), ইত্তেফাক (শেষ পৃ.,ক.২), সংবাদ (পৃ.১,ক.২), ডেইলি স্টার (পৃ.২,ক.৩), ডেইলি সান (শেষ পৃ.,ক.২)। সমকাল এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৮। সবার অংশগ্রহণে সিটি কর্পোরেশন নির্বাচন করতে চায় নির্বাচন কমিশন

নির্বাচন কমিশন (ইসি) সবার অংশগ্রহণে সুষ্ঠু, অবাধ ও শান্তিপূর্ণ পরিবেশে ঢাকা ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন নির্বাচন করতে চায়। গতকাল ১ মার্চ রোববার কমিশন সচিবালয়ের মিডিয়া সেন্টারে এক সংবাদ সম্মেলনে প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কাজী রকিবউদ্দীন আহমদ এ আশাবাদ ব্যক্ত করেন। সূত্র-সংবাদ (পৃ.১,ক.২), ইত্তেফাক (পৃ.১,ক.১), যুগান্তর (শেষ পৃ.,ক.২), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.২), ডেইলি সান (পৃ.১,ক.৩)।

৯। সুন্দরবনে নৌ-রুট বন্ধের সুপারিশ জাতিসংঘের

বিশ্ব ঐতিহ্য সুন্দরবনের পরিবেশ রক্ষায় বনের ভেতর দিয়ে যাওয়া নৌ-রুট বন্ধের পক্ষে মত দিয়েছে জাতিসংঘ। গতকাল ১ মার্চ রোববার রাজধানীর সিরডাপ মিলনায়তনে প্রকাশিত শ্যালা নদীতে ট্যাংকার দুর্ঘটনার চূড়ান্ত প্রতিবেদনে জাতিসংঘের এ মতামত উঠে আসে। জাতিসংঘ ও সরকারের যৌথ পর্যবেক্ষণ শেষে গতকাল ১ মার্চ রোববার এ প্রতিবেদন প্রকাশিত হয়। জাতিসংঘ উন্নয়ন কর্মসূচির (ইউএনডিপি) কান্ট্রি ডিরেক্টর পলিন টেমসিস বলেন, সুন্দরবনে ট্যাংকারডুবির পর বাংলাদেশ, জাতিসংঘ এবং অন্যান্য উন্নয়ন সহযোগী দেশ সম্মিলিতভাবে পর্যবেক্ষণ করে প্রতিবেদন প্রকাশ করেছে। সূত্র-আমাদের সময় (শেষ পৃ.,ক.২), ইত্তেফাক (শেষ পৃ.,ক.২), সংবাদ (শেষ পৃ.,ক.২), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.২), ডেইলি সান (পৃ.২,ক.৫)।

১০। সোয়াইন ফ্লু ঠেকাতে সীমান্তে সক্রিয় মেডিকেল টিম

ভারতে বিপুল সংখ্যক মানুষ সোয়াইন ফ্লু আক্রান্ত হওয়ার খবরে দেশের সীমান্ত এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়েছে। তবে রোগটির সংক্রমণ ঠেকাতে সরকারিভাবে ব্যাপক তৎপরতা গ্রহণ করা হয়েছে। গতকাল ১ মার্চ রোববার থেকে চুয়াডাঙ্গার দর্শনা ও চাঁপাইনবাবগঞ্জের সোনামসজিদ ইমিগ্রেশনে ভারত থেকে আসা যাত্রীদের পরীক্ষা-নিরীক্ষার কাজ শুরু করেছে মেডিকেল টিম। তবে সন্ধ্যা পর্যন্ত সোয়াইন ফ্লু আক্রান্ত কোনো রোগী সনাক্ত হয়নি। সূত্র-ইত্তেফাক (পৃ.২,ক.২)।

১১। এসএমই খাতে ১ লাখ ৯১০ কোটি টাকা ঋণ বিতরণ

২০১৪ সালে ক্ষুদ্র ও মাঝারি শিল্প (এসএমই) খাতে সর্বমোট ১ লাখ ৯১০ কোটি টাকা ঋণ বিতরণ করেছে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলো। এটি আগের বছরের তুলনায় ১৮ দশমিক ২৭ শতাংশ বা ১৫ হাজার ৫৮৬ কোটি টাকা বেশি। অন্যদিকে আগের বছরের তুলনায় এসএমই খাতের ঋণ আদায় প্রায় ৬৫ শতাংশ এবং বকেয়া ঋণের পরিমাণ প্রায় ২০ শতাংশ বেড়েছে। বাংলাদেশ ব্যাংক সূত্রে এসব তথ্য জানা গেছে। সূত্র-আমাদের সময় (শেষ পৃ.,ক.১), প্রথম আলো (পৃ.১৩,ক.৩), ইত্তেফাক (পৃ.১৮,ক.৩), নিউ এজ বিজনেস (পৃ.১,ক.৩)।

১২। পদ্মা সেতুর মূল কাজ শুরু

বহু প্রতীক্ষিত পদ্মা সেতুর ট্রায়াল পাইল স্থাপনে অ্যাংকর পাইলের কাজ শুরু হয়েছে। গতকাল ১ মার্চ রোববার ভারী যন্ত্রপাতি ব্যবহার করে বিশাল ক্রেনের মাধ্যমে এই অ্যাংকর পাইল স্থাপন করা হয়। এর মধ্য দিয়েই মূল সেতু তৈরির প্রাথমিক কাজ শুরু হলো। সূত্র-যায়যায়দিন (পৃ.১,ক.২), প্রথম আলো (পৃ.১,ক.১), জনকণ্ঠ (পৃ.১,ক.১), ডেইলি স্টার (পৃ.১,ক.৩)।

## সম্পাদকীয়

ক. প্রথম আলো : টানা অবরোধ-হরতালের ৫৫ দিনে নাশকতার আগুনে পুড়েছে ৬০ জন এবং ক্রসফায়ারে মারা গেছে ৩৬ জন এ খবরে উদ্বেগ প্রকাশ করে সহিংসতা বন্ধ করে রাজনৈতিক দলগুলোকে শান্তির পথে আসার আহ্বান;

খ. ইত্তেফাক : নারীর উন্নয়ন ও ক্ষমতায়ন ত্বরান্বিত করতে সরকারি ও বেসরকারি উদ্যোগে আরও শিশু দিবাযত্ন কেন্দ্র প্রতিষ্ঠার উদ্যোগ নেওয়ার প্রয়োজনের ওপর গুরুত্বারোপ;

গ. জনকণ্ঠ : দেশের ইতিহাসে বৈদেশিক মুদ্রার রিজার্ভ প্রথমবারের মতো ২৩০০ কোটি (২৩ বিলিয়ন) মার্কিন ডলার অতিক্রম করার খবরে সন্তুষ্টি প্রকাশ করে সুষ্ঠু গণতান্ত্রিক পরিবেশ বজায় থাকলে অতিসত্বর বাংলাদেশ কাঙ্ক্ষিত মধ্যম আয়ের দেশের সারিতে দ্রুত স্থান করে নেবে বলে প্রত্যাশা ব্যক্ত;

ঘ. সংবাদ, যুগান্তর : জঙ্গিবাদ দমনে দেশি-বিদেশি নেটওয়ার্ককে ধ্বংস করার পাশাপাশি এদের আর্থিক মদতদাতাদের বিচারের আওতায় আনার দাবি;

ঙ. ইনকিলাব : ভারতের গজলডোবায় বাঁধ দিয়ে উজান থেকে ব্যাপকভাবে পানি প্রত্যাহার করে নেওয়ায় তিস্তা সেচ প্রকল্পের পানিতে মারাত্মক প্রভাব পড়ায় এ প্রকল্প রক্ষার জন্য সরকারকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার সুপারিশ;

চ. ডেইলি স্টার : সন্ত্রাসীদের আস্তানায় বিপুল পরিমাণ অস্ত্র গোলাবারুদ ও বোমা তৈরির সরঞ্জামের সন্ধান

পাওয়ার প্রেক্ষিতে ঘটনার মূল হোতাদের গ্রেফতারে আইনশৃঙ্খলা বাহিনীকে তৎপর হওয়ার সুপারিশ;

ছ. ইন্ডিপেনডেন্ট : চলমান রাজনৈতিক সংকট সমাধানে জাতিসংঘ মহাসচিবের চিঠির ব্যাপারে দুই রাজনৈতিক নেতৃত্বকে বাস্তবতাভিত্তিক পদক্ষেপ গ্রহণের আহ্বান;

জ. ডেইলি সান : চলমান অবরোধ-হরতালে পর্যটন খাতে ২ হাজার কোটি (২০ বিলিয়ন) টাকার আর্থিক ক্ষতি পোষাতে সংশ্লিষ্টদের সরকারের পক্ষ থেকে স্বল্প সুদে ঋণের ব্যবস্থাসহ অন্যান্য আর্থিক প্রণোদনা দেওয়ার ওপর গুরুত্বারোপ;

ঝ. নিউজ টুডে : নারীদের ক্ষমতায়নে গৃহে ও কর্মস্থলের পরিবেশ নিরাপদ রাখতে সরকারের পাশাপাশি বিভিন্ন সংস্থা, এনজিও ও রাজনৈতিক দলগুলোকে ব্যাপক ভূমিকা পালনের আহ্বান;

ঞ. নিউ এজ, নিউ নেশন : পাবলিক সার্ভিস কমিশনে নিয়োগের ক্ষেত্রে কোটার চেয়ে মেধাভিত্তিক যোগ্যতাকে বেশি প্রাধান্য দেওয়ার সুপারিশ জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

সমকাল পত্রিকায় প্রকাশিত কলামে যুদ্ধাপরাধীদের বিচার কাজ যথাযথভাবে সম্পন্ন হলে শুধু বাংলাদেশে নয় অন্যান্য দেশে সক্রিয় ধর্মান্ধ গোষ্ঠীর জন্য তা একটি স্পষ্ট বার্তা হবে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত 'সংকটের আবর্তে শিক্ষা ব্যবস্থা' শিরোনামের নিবন্ধে বিশ্বজিৎ রায় বিশ্ব বাংলাদেশ যখন শিক্ষাসহ সর্বক্ষেত্রে উন্নয়নের রোল মডেল তখন শিক্ষা ব্যবস্থার অনিশ্চয়তার জন্য দায়ী দুর্বৃত্তদের হাত থেকে দেশকে রক্ষা করতে সরকারকে কঠোর ব্যবস্থা গ্রহণ করতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা